**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-২৫

তারিখ ঃ ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলে টাইপ-সি (দেশীয় মালিকানাধীন)
প্রতিষ্ঠানের অনুকূলে বাজার সম্প্রসারণ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নং ৩৫, তারিখ ২২ সেপ্টেম্বর, ২০১৯ এর ৯ ও ১১ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলের টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) প্রতিষ্ঠানের অনুকূলে সংশ্লিষ্ট পণ্য রপ্তানির বিপরীতে ন্যূনতম ৩০% স্থানীয় মূল্য সংযোজন সাপেক্ষে ৪% হারে চলতি ২০১৯-২০২০ অর্থবছরে নতুন পণ্য/নতুন বাজার সম্প্রসারণ সহায়তা প্রযোজ্য হবে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, হাই-টেক পার্ক ও অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত টাইপ-সি (দেশীয় মালিকানাধীন) শিল্প প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট রপ্তানিতে দেশ/অঞ্চল নির্বিশেষে আলোচ্য সুবিধা প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩